# ভোজ্য তেলে ভিটামিন ‘এ’ সমৃদ্ধকরণ আইন, ২০১৩

(২০১৩ সালের ৬৫ নং আইন)

[২৮.১১.২০১৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত]

---

আইন অধিশাখা
শিল্প মন্ত্রণালয়

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৮, ২০১৩

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৭ নভেম্বর, ২০১৩/১৩ অগ্রহায়ণ, ১৪২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৭ নভেম্বর, ২০১৩ (১৩ অগ্রহায়ণ, ১৪২০) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৩ সনের ৬৫ নং আইন

### ভোজ্যতেলে ভিটামিন 'এ' সমৃদ্ধকরণ ও ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল বিক্রয়, সংরক্ষণ, সরবরাহ, বিপণন বা বাজারজাতকরণ বাধ্যতামূলককরণ এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে বিধানকল্পে প্রণীত আইন

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৮ মোতাবেক জনগণের পুষ্টির স্তর উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতি সাধন করা রাষ্ট্রের অন্যতম কর্তব্য; এবং

যেহেতু জনসাধারণের পুষ্টির স্তর উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নতি সাধনের লক্ষ্যে ভিটামিন 'এ' এর অভাবজনিত সমস্যা প্রতিরোধের উদ্দেশ্যে ভোজ্যতেলে ভিটামিন 'এ' সমৃদ্ধকরণ ও ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল বিক্রয়, সংরক্ষণ, সরবরাহ, বিপণন বা বাজারজাতকরণ বাধ্যতামূলককরণ এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন ভোজ্যতেলে ভিটামিন 'এ' সমৃদ্ধকরণ আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



মূল্য ঃ টাকা ১২.০০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(১) "এ্যাক্রেডিটেশন সনদ" অর্থ বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬ (২০০৬ সনের ২৯ নং আইন) এর অধীন প্রদত্ত এ্যাক্রেডিটেশন সনদ;

(২) "তফসিল" অর্থ এই আইনের তফসিল;

(৩) "ব্যক্তি" অর্থ কোন কোম্পানি, সংস্থা, প্রতিষ্ঠান, অংশীদারি কারবার, সমিতি, সংঘ, সংগঠনও, নিবন্ধিত হউক বা না হউক, অন্তর্ভুক্ত হইবে;

(৪) "বিএসটিআই" অর্থ The Bangladesh Standards and Testing Institution Ordinance, 1985 (Ordinance No. XXXVII of 1985) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Standards and Testing Institution;

(৫) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৬) "ভোজ্যতেল" অর্থ মানুষের আহার্য পরিশোধিত (Refined) বা অপরিশোধিত (Crude) কোন উদ্ভিজ তেল (vegetable oil), যেমন সয়াবিন তেল (soyabean oil), পাম তেল (palm oil), পাম অলীন (palm olein), ইত্যাদি কিংবা আন্তর্জাতিকভাবে ভোজ্যতেল হিসাবে স্বীকৃত অন্য কোনো উদ্ভিজ তেল, তবে সরিষার তেল, নারিকেল তেল কিংবা অলিভ অয়েল, ইত্যাদি উহার অন্তর্ভুক্ত হইবে না;

(৭) "ভিটামিন 'এ'" অর্থ রেটিনল পামিটেট্ (retinol palmitate) অথবা রেটিনল এ্যাসিটেট্ (retinol acetate) নামক অনুপুষ্টি;

(৮) "সমৃদ্ধকরণ" (fortification) অর্থ ভোজ্যতেলের সহিত মিশ্রণের (premix) মাধ্যমে অণুপুষ্টি (micronutrient) হিসাবে তফসিলে নির্ধারিত মাত্রায় ভিটামিন 'এ' সংযুক্তকরণ (addition);

(৯) "হোটেল" অর্থ অন্যূন ১০ (দশ) শয়নকক্ষ বিশিষ্ট এমন একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান যাহা মুনাফা লাভের উদ্দেশ্যে মালিক কর্তৃক পরিচালনা করা হইয়া থাকে এবং অর্থের বিনিময়ে অতিথি বা পর্যটকবৃন্দ অবস্থান ও সেবা লাভ করেন, এবং "হোটেল" হিসাবে হোটেল, মোটেল, গেষ্ট হাউজ, রেষ্ট হাউজ, রিসোর্ট ইত্যাদি যে নামেই পরিচিতি হউক না কেন, এ সংজ্ঞার আওতাভুক্ত হইবে; এবং

(১০) "রেস্তোঁরা" অর্থ এমন একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান যেখানে অর্থের বিনিময়ে ক্রেতাবৃন্দ আসন গ্রহণপূর্বক মানসম্মত খাদ্যসেবা গ্রহণ করিতে পারেন, এবং সামাজিক ও অন্যান্য অনুষ্ঠানাদি আয়োজনের সুবিধা সম্বলিত কমিউনিটি সেন্টার, কনভেনশন সেন্টার, পার্টি সেন্টার ইত্যাদিও রেস্তোঁরার অন্তর্ভুক্ত হইবে।

৩। **এই আইন অতিরিক্ত গণ্য হওয়া।**—এই আইনের বিধানাবলী সংশ্লিষ্ট বিষয়ে আপাততঃ বলবৎ অন্য কোন আইনের কোনো বিধানকে ক্ষুণ্ণ না করিয়া উহার অতিরিক্ত হিসাবে কার্যকর হইবে।

৪। **ভোজ্যতেলের বাধ্যতামূলক সমৃদ্ধকরণ।**—(১) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তফসিল ১ এ বর্ণিত মাত্রা অনুযায়ী ভোজ্যতেল ভিটামিন 'এ' দ্বারা সমৃদ্ধ করিতে হইবে।

(২) কোন ব্যক্তি উপ-ধারা (১) অনুযায়ী সমৃদ্ধকরণ ব্যতিরেকে কোন ভোজ্যতেল বিক্রয়, সংরক্ষণ, সরবরাহ, বিপণন বা বাজারজাত করিতে পারিবে না।

৫। **পরিশোধিত ভোজ্যতেল আমদানীর ক্ষেত্রে বিধি নিষেধ।**—কোন ব্যক্তি তফসিল-১ এ বর্ণিত মাত্রা অনুযায়ী ভিটামিন 'এ' দ্বারা সমৃদ্ধ করা হয় নাই এমন কোন পরিশোধিত ভোজ্যতেল আমদানী করিতে পারিবে না।

৬। **ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেলের বোতল, প্যাকেট, টিন বা অন্যান্য আধারের গায়ে ব্যবহার্য মোড়ক (label)।**—(১) ভোজ্যতেল সমৃদ্ধকারী বা পরিশোধনকারী কর্তৃক বিক্রয় বা সরবরাহের উদ্দেশ্যে সংরক্ষিত বা প্রদর্শিত ভোজ্যতেলের বোতল, প্যাকেট, টিন বা অন্যান্য আধার বা জারের গায়ে তফসিল-২ এ উল্লিখিত সমৃদ্ধকরণ প্রতীক (fortification logo) সম্বলিত মোড়ক ব্যবহার করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত মোড়কে ভোজ্যতেল ভিটামিন 'এ' দ্বারা সমৃদ্ধ করা হইয়াছে মর্মে একটি বিবৃতি বড় মাপে ও অক্ষরে, বাংলা ও ইংরেজীতে, বোধগম্য এবং অমোচনীয়ভাবে লিপিবদ্ধ করিতে হইবে যাহা সহজে দৃশ্যমান হয়।

৭। **খুচরা ও পাইকারী বিক্রেতার দায়িত্ব।**—কোন খুচরা ও পাইকারী বিক্রেতা ভিটামিন 'এ' দ্বারা সমৃদ্ধ করা হয় নাই বা ধারা ৬ বর্ণিত এ মোড়ক ব্যবহার করা হয় নাই এমন কোন ভোজ্যতেল বিক্রয় বা বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ, পরিবেশন বা প্রদর্শন করিতে পারিবে না।

৮। **হোটেল, রেস্তোঁরা এবং বাণিজ্যিকভাবে খাদ্যদ্রব্য প্রস্তুতকরণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোনো হোটেল, রেস্তোঁরা কিংবা অন্য কোনো খাদ্যদ্রব্য প্রক্রিয়াজাত বা প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক ভোজ্যতেল দ্বারা খাবার বা খাদ্যদ্রব্য তৈরী বা প্রক্রিয়াজাতকরণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল ব্যবহারের তারিখ নির্ধারণ করিবে।

৯। **গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে ভোজ্যতেল পরিশোধনকারী বা সমৃদ্ধকারীর দায়িত্ব।**—(১) ভোজ্যতেল পরিশোধনকারী ব্যক্তি ভোজ্যতেল সমৃদ্ধকরণের গুণগতমান নিশ্চিত করিবার উদ্দেশ্যে, সরকার কর্তৃক নির্ধারিত গুণগতমান নিশ্চিতকরণ মানদণ্ড বা ব্যবস্থা অনুযায়ী উহার নিজস্ব অভ্যন্তরীণ গুণগতমান নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করিবে।

(২) ভোজ্যতেল পরিশোধনকারী ভোজ্যতেল সমৃদ্ধকরণের উদ্দেশ্যে ব্যবহৃত ফরটিফিক্যান্ট (fortificant) বা ভিটামিন 'এ'-এর মিশ্রণের চালান (supplies) এবং পরিমাণের হিসাব (record) সংরক্ষণ করিবে, এবং উহা নিশ্চিত করিবে যে উক্ত মিশ্রণ বা ফরটিফিক্যান্ট ব্যবহারের পূর্বে যথাযথ স্থানে এবং উপযুক্ত অবস্থায় মজুদ রাখা হইয়াছে।

(৩) প্রত্যেক ভোজ্যতেল পরিশোধনকারী বা সমৃদ্ধকারী কারখানা হইতে সংগৃহীত সমৃদ্ধকৃত ভোজ্যতেলের নমুনা কোনো এ্যাক্রেডিটেশন সনদপ্রাপ্ত পরীক্ষাগারের মাধ্যমে পরীক্ষা করিবে এবং তফসিল-১ এ বর্ণিত মাত্রা অনুযায়ী সমৃদ্ধকরণ নিশ্চিত করিবে।

১০। তদারকি ও পরিদর্শন, ইত্যাদি।—(১) ভোজ্যতেল যথাযথভাবে ভিটামিন 'এ' দ্বারা সমৃদ্ধকৃত কিনা অথবা সমৃদ্ধ করা হইতেছে কিনা বা এই আইনের অন্যান্য বিধান যথাযথভাবে অনুসরণ করা হইতেছে কিনা তাহা তদারকির জন্য বিএসটিআই বা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো কর্মকর্তা ভোজ্যতেল পরিশোধনকারী, সমৃদ্ধকারী, আমদানীকারক ও বিক্রয়কারী কোনো প্রতিষ্ঠান কিংবা সংশ্লিষ্ট অন্য কোনো কারখানা, দোকান, ভাণ্ডার, পরিবহন বা স্থাপনা পরিদর্শন করিতে পারিবে।

(২) বিএসটিআই বা উপ-ধারা (১) এ নির্ধারিত কর্মকর্তা ভোজ্যতেল বা ভোজ্যতেলে ব্যবহৃত ভিটামিন 'এ' এর নমুনা সংগ্রহ করিয়া উহা সমৃদ্ধকরণের মাত্রা এ্যাক্রেডিটেশন সনদপ্রাপ্ত পরীক্ষাগার হইতে পরীক্ষা করিতে পারিবে বা পরীক্ষা করিবার জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবে।

(৩) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, বিএসটিআই, ভোজ্যতেল সমৃদ্ধকরণের সহিত সংশ্লিষ্ট কোনো ব্যক্তিকে উপযুক্ত আদেশ বা নির্দেশনা প্রদান করিতে পারিবে।

১১। শিক্ষা ও সচেতনতামূলক কর্মসূচি, সমীক্ষা, ইত্যাদি।—সরকার, সময় সময়, ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেলের উপকারিতা ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে এবং ভোক্তাদের অধিকার রক্ষার লক্ষ্যে শিক্ষা ও সচেতনতামূলক কর্মসূচি, প্রচারাভিযান করিতে পারিবে।

১২। সংশ্লিষ্ট ব্যক্তি বা সংস্থার সহযোগিতা।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বিএসটিআই এর চাহিদা অনুযায়ী, যে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা বিএসটিআইকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবে।

(২) এই আইনের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার নিমিত্ত, সরকার বা, ক্ষেত্রমত, বিএসটিআই, সরকার কর্তৃক স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক প্রতিষ্ঠান, সংগঠন বা সংস্থার পরামর্শ বা কারিগরি সহায়তা গ্রহণ করিতে পারিবে।

১৩। বিএসটিআই বা ভোজ্যতেল সমৃদ্ধকারী বা পরিশোধনকারী কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।—সরকার, এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বিএসটিআই, এতদসংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ইনস্টিটিউট, সংস্থা বা ভোজ্যতেল সমৃদ্ধকারী বা পরিশোধনকারী প্রতিষ্ঠানসমূহের সহিত পরামর্শক্রমে, ভোজ্যতেলে ভিটামিন 'এ' সমৃদ্ধকরণ, ফরটিফিক্যান্ট বা ভিটামিন 'এ' এর মিশ্রণের ব্যবহার এবং এতদসংশ্লিষ্ট অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে নির্দেশনা প্রদান করিতে পারিবে।

১৪। **প্রতিবেদন**।—বিএসটিআই প্রতি বৎসরের ডিসেম্বরের শেষ কার্যদিবসের পূর্ববর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট এই আইনের অধীন সংশ্লিষ্ট বৎসরে তাহাদের গৃহীত কার্যক্রমের একটি প্রতিবেদন প্রেরণ করিবে।

১৫। **কোম্পানি কর্তৃক অপরাধ সংঘটন**।—এই আইনের অধীন কোনো অপরাধ কোনো কোম্পানি বা ফার্ম কর্তৃক সংঘটিত হইলে, তাহা বাংলাদেশে নিবন্ধিত (incorporated) হউক বা না হউক, যে সকল ব্যক্তি উক্ত অপরাধ সংঘটিত হইবার সময় উক্ত কোম্পানি বা ফার্মের পরিচালক, ব্যবস্থাপক, সচিব বা এজেন্টের দায়িত্বে ছিলেন তাহারা উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না অভিযুক্ত ব্যক্তি প্রমাণ করিতে পারেন যে অপরাধটি তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে এবং তাহা রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

১৬। **দণ্ড**।—(১) কোনো ব্যক্তি এই আইনের ধারা ৪ এর বিধান লঙ্ঘন করিলে উহা এই আইনের অধীন অপরাধ হইবে এবং উক্তরূপ অপরাধের জন্য বিএসটিআই উক্ত ব্যক্তিকে অনধিক ১০০,০০০ (এক লক্ষ) টাকা জরিমানা করিতে পারিবে।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত অপরাধ পুনরায় বা পৌনঃপুনিকভাবে করিয়া থাকিলে তিনি অনধিক ২০০,০০০ (দুই লক্ষ) টাকা অর্থদণ্ড অথবা অনূর্ধ্ব ৫(পাঁচ) বৎসর কারাদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) কোনো ব্যক্তি ধারা ৫ এর বিধান লঙ্ঘন করিলে উহা এই আইনের অধীন অপরাধ হইবে এবং উক্তরূপ অপরাধের জন্য বিএসটিআই উক্ত ব্যক্তিকে অনধিক ১০০,০০০ (এক লক্ষ) টাকা জরিমানা করিতে পারিবে।

(৪) কোনো ব্যক্তি উপ-ধারা (৩) এ উল্লিখিত অপরাধ পুনরায় বা পৌনঃপুনিকভাবে করিয়া থাকিলে তিনি অন্যূন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং অনধিক ২০০,০০০ (দুই লক্ষ) টাকা অর্থদণ্ড বা অনূর্ধ্ব ১(এক) বৎসর কারাদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৫) কোনো ব্যক্তি এই আইনের ধারা ৬, ৭ বা ৮ এর বিধান লঙ্ঘন করিলে, উহা এই আইনের অধীন অপরাধ হইবে এবং উক্তরূপ অপরাধের জন্য বিএসটিআই উক্ত ব্যক্তিকে অনধিক ১০০,০০০ (এক লক্ষ) টাকা জরিমানা করিতে পারিবে।

(৬) কোনো ব্যক্তি উপ-ধারা (৫) এ উল্লিখিত অপরাধ পুনরায় বা পৌনঃপুনিকভাবে করিয়া থাকিলে তিনি অন্যূন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং অনধিক ২০০,০০০ (দুই লক্ষ) টাকা অর্থদণ্ড বা অনূর্ধ্ব ৬ (ছয়) মাস কারাদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৭) কোনো ব্যক্তি এই আইনের অধীন প্রদত্ত কোনো আদেশ, নির্দেশনা বা এই আইন বা ইহার অধীন প্রণীত বিধির কোনো বিধান লঙ্ঘন করিলে, যাহার জন্য এই আইনে কোনো জরিমানা বা দণ্ডের বিধান নাই, তিনি অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ড বা অনূর্ধ্ব ৬(ছয়) মাস কারাদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

১৭। **জরিমানার অর্থ আদায় ও জরিমানার আদেশের বিরুদ্ধে আপিল।**—(১) এই আইনের অধীন বিএসটিআই কর্তৃক আরোপকৃত জরিমানার অর্থ The Public Demands Recovery Act, 1913 (Bengal Act No. III of 1913) এর বিধান অনুযায়ী public demands হিসেবে আদায় করা যাইবে।

(২) এই আইনের অধীন বিএসটিআই কর্তৃক আরোপিত জরিমানার আদেশে সংক্ষুব্ধ ব্যক্তি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সরকারের নিকট আপিল দায়ের করিতে পারিবে এবং উক্ত আপিল যথাযথ শুনানি গ্রহণপূর্বক আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন আপিল নিষ্পত্তির ক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮। **অপরাধের বিচার, ইত্যাদি।**—(১) এই আইনের অধীন অপরাধসমূহ অ-আমলযোগ্য (non-cognizable), জামিনযোগ্য (bailable) এবং আপোষযোগ্য (compoundable) হইবে।

(২) Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন অপরাধসমূহ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত, প্রথম শ্রেণীর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে, এবং উক্ত ম্যাজিস্ট্রেট এই আইনে নির্ধারিত দণ্ড আরোপ করিতে পারিবে।

১৯। **বিচার ও আপিলের ক্ষেত্রে অন্য আইনের প্রযোজ্যতা।**—এই আইনের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে ইহার অধীন মামলা বা অভিযোগ দায়ের, তদন্ত, বিচার, আপীল, এবং বিচার-সংক্রান্ত অন্যান্য বিষয়ে Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898), Evidence Act, 1872 (Act No. I of 1872), The Limitation Act, 1908 (Act No. IX of 1908), এবং ক্ষেত্র বিশেষে, Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর তৃতীয় অধ্যায়ের বিধানাবলী প্রযোজ্য হইবে।

২০। **মোবাইল কোর্টের এখতিয়ার।**—এই আইনে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন অপরাধসমূহ, যে ক্ষেত্রে যতটুকু প্রযোজ্য, মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) অনুসারে বিচার্য হইবে।

২১। **তফসিল সংশোধনের ক্ষমতা।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

২২। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

২৩। **আইনের ইংরেজিতে অনূদিত পাঠ।**—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, যথা শীঘ্র সম্ভব, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) এই আইনের বাংলা পাঠ এবং ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল-১**

**(ধারা ৪ দ্রষ্টব্য)**

১। ভোজ্যতেল ভিটামিন 'এ' দ্বারা সমৃদ্ধকরণের মাত্রা হইবে ১৫ হইতে ৩০ পিপিএম (parts per million), অর্থাৎ প্রতি গ্রাম ভোজ্যতেলে অন্যূন ০.০১৫ হইতে অনধিক ০.০৩০ মিলিগ্রাম ভিটামিন 'এ' (০.০১৫-০.০৩০ mg/g)।

**তফসিল-২**

**(ধারা ৬ দ্রষ্টব্য)**

১। **সমৃদ্ধকরণ প্রতীক।**—বাজারজাত ভোজ্যতেলের বোতল, টিন, কিংবা প্যাকেটে প্রদর্শিতব্য প্রতীক হইবে নিম্নরূপ, যাহা সাদা-কালো কিংবা রঙিন প্রিন্টে ছাপা যাইবে, যথা—

সঠিক পুষ্টি সুস্থ জীবন

২। **ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেলের প্রতীকের বৈশিষ্ট্য।**—অনুচ্ছেদ ১ এ প্রদর্শিত প্রতীকটি হইবে একটি বৃত্তের ভিতরে দুইটি ফোঁটার অঙ্কন, যাহার একটি ছোট আকারে উপরে এবং অপরটি প্রায় চার গুণ বড় আকারে নিচে অবস্থিত হইবে, যাহার ভিতরে বিন্দুর সাহায্যে একটি শিশুর হাস্যমুখ অঙ্কিত থাকিবে। অধিকন্তু, বড় আকারের ফোঁটাটি দুইটি হাতের তালুর আকারে সজ্জিত দুইটি ধান পাতার মধ্যে অবস্থিত হইবে এবং উহার মুখের চিহ্নের ঠিক উপরে সূর্যরশ্মির মতো উজ্জ্বল একটি সাদা রঙের যোগচিহ্ন (+) থাকিবে, এবং বৃত্তের নীচে বৃত্তের রেখার সহিত সংযুক্ত "সঠিক পুষ্টি সুস্থ জীবন" এই শব্দগুলি লিখিত থাকিবে।

৩। **সমৃদ্ধকরণ প্রতীকের স্বত্বাধিকার কিংবা কপিরাইট।**—ভোজ্যতেল সমৃদ্ধকরণ প্রতীক (logo) এর কপিরাইটের স্বত্বাধিকারী হইবে সরকার, এবং সরকার ইহার ব্যবহার নিয়ন্ত্রণ করিতে পারিবে।

মোঃ আশরাফুল মকবুল
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd